

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সমাবেশ

গাজীপুর, ২৬ আগস্ট

সংবাদদাতা গত ২২শে আগস্ট ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিশজন ছাত্রের বহিষ্কারাদেশ এবং দশজন ছাত্রের প্রমোশন আটকা-দেশ বাতিলের দাবীতে সংগ্রামী ছাত্র ঐক্যের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের আমতলায় এক সমাবেশের আয়োজন করা হয়। ইকবাল আহমেদ ভূঞার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে বক্তব্য রাখেন শাহরিয়ার কবীর, আঃ হাদী-শামীম, আনোয়ার হোসেন, হালিম শাহজাহান (সাজু) রাজ্জাক, শিপন, প্রমুখ। তাহারা অবিলম্বে ছাত্রদের দাবী মানিয়া লইয়া বিশ্ববিদ্যালয়ে স্বর্ভূ পরিবেশ বজায় রাখার জন্য কতৃপক্ষের প্রতি আহ্বান জানান।